



মোঃ আব্দুল আওয়াল
কোর্স পরিচালক
এবং

পরিচালক (প্রশিক্ষণ)
বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা- ১০০০
ফোন: +৮৮ ০২ ৫৫১৬৫৯৯০
মোবাইল: +৮৮০১৯৪৩২৪১৫২৪
ফ্যাক্স : +৮৮০ ২৫৫১৬৫৯২২

প্রিয় সহকর্মী,

বিসিএস প্রশাসন একাডেমিতে আগামী ০৯ আগস্ট ২০২০ থেকে অনুষ্ঠিতব্য ২ (দুই) সপ্তাহব্যাপী ৩২তম ফিটলিস্টভুক্ত ইউএনও-দের ওরিয়েন্টেশন কোর্সে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনীত হওয়ায় একাডেমির সম্মানিত রেক্টর ও কোর্স ম্যানেজমেন্ট টিমের পক্ষ থেকে আপনাকে জানাই আন্তরিক অভিনন্দন।

২। আমরা আশা করছি, ইতোমধ্যে আপনি অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন। বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত হয়ে ০৯ আগস্ট ২০২০ তারিখে সকাল ৮.০০ টায় আপনাকে আবশ্যিকভাবে একাডেমিতে উপস্থিত থাকতে হবে। ২ (দুই) সপ্তাহ মেয়াদি এ প্রশিক্ষণের পর্যাপ্ত পূর্ব-প্রস্তুতি গ্রহণের সুবিধার্থে প্রয়োজনীয় নির্দেশাবলী সংযুক্ত করা হলো।

৩। আমরা নৈতিকতা ও নিয়মশৃঙ্খলার উপর বিশেষ গুরুত্ব প্রদান করি এবং প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের নিকট হতে সর্বোচ্চ সহযোগিতা প্রত্যাশা করছি। একজন প্রশিক্ষণার্থী হিসেবে আপনাকে অবশ্যই সকল কর্মসূচিতে উপস্থিত থেকে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে হবে।

৪। প্রশিক্ষণার্থীকে নিম্নোক্ত জিনিসপত্র সঙ্গে আনার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে :

ক) সদ্য তোলা ০৪ কপি পাসপোর্ট সাইজ ফটো

খ) ২ সপ্তাহ মেয়াদি এ প্রশিক্ষণের সকল কর্মসূচিতে আনুষ্ঠানিক পোশাক পরিধান করার জন্য অনুরোধ করা হলো। (পোশাক সংক্রান্ত সংযুক্তিটি দেখুন)

৫। এ কোর্সে কমিউনিকোটিভ ইংলিশের উপর বিশেষ গুরুত্ব প্রদান করা হবে। সেশনসহ সকল কর্মসূচি ইংরেজিতে পরিচালিত হবে। বক্তা, কোর্স ম্যানেজমেন্ট টিম ও সহপ্রশিক্ষণার্থীদের সাথে ইংরেজিতে কথা বলার মানসিক প্রস্তুতি গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

৬। বর্তমান বৈশ্বিক মহামারির প্রেক্ষাপটে স্বাস্থ্যবিধি পালন ও এ সংক্রান্ত সরকারি নির্দেশনা অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

৭। প্রশিক্ষণ সংক্রান্ত যেকোন প্রয়োজনে নিম্নোক্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করছি:

কোর্সের নাম	কোর্স সমন্বয়ক
৩২তম ফিটলিস্টভুক্ত ইউএনও-দের ওরিয়েন্টেশন কোর্স	তৌহিদুল ইসলাম ০১৭৪৪-৩৬৮২৪৫

৮। বিসিএস (প্রশাসন) ক্যাডারের একজন মেধাবী কর্মকর্তা ও প্রশিক্ষণার্থী হিসেবে আপনার সক্রিয় ও আন্তরিক ভূমিকা আশা করছি যা বিসিএস প্রশাসন একাডেমি এবং সার্বিকভাবে বিসিএস (প্রশাসন) ক্যাডারের ভাবমূর্তিকে উজ্জ্বল করবে। আমি বিশ্বাস করি, একজন আলোকিত ও পেশাদার কর্মকর্তা হিসেবে নিজেকে গড়ে তুলতে এই প্রশিক্ষণ আপনার ভিত শক্ত করবে।

প্রশিক্ষণটি আনন্দময় ও অংশগ্রহণমূলক হওয়ার প্রত্যাশা করছি।

মোঃ আব্দুল আওয়াল
কোর্স পরিচালক
৩২তম ফিটলিস্টভুক্ত ইউএনওদের ওরিয়েন্টেশন কোর্স

প্রাপক : সকল প্রশিক্ষণার্থী (৩২তম ফিটলিস্টভুক্ত ইউএনওদের ওরিয়েন্টেশন কোর্স)

নির্দেশাবলী (পুরুষ প্রশীক্ষার্থীদের জন্য)

১	কোন ক্লাসে অথবা অনুষ্ঠান উপলক্ষ্যে অসংযত পোশাক পরিধান করা যাবে না
২	প্রত্যেকটি অনুষ্ঠান উপলক্ষ্যে কোর্স ম্যানেজমেন্ট কর্তৃক নির্ধারিত পোশাক পরিধান করতে হবে।
৩	চুল পরিচ্ছন্নভাবে আচড়ানো হতে হবে
৪	অপ্রচলিত কেশবিন্যাস কঠোরভাবে নিষিদ্ধ
৫	চুলে ব্যান্ড ব্যবহার করা যাবে না।
৬	ক্লিন শেভড থাকতে হবে।
৭	দাড়ি থাকলে পরিচ্ছন্নভাবে ছাটা থাকবে।
৮	সকল পরিধেয় বস্ত্রের রঙ এবং নকশা কর্মকর্তাসুলভ হতে হবে। উজ্জ্বল রঙ বা জরি-ফিতা ব্যবহার করা যাবে না।
৯	কোন জিপ্স, ঢিলেঢালা প্যান্ট বা কলারবিহীন টি শার্ট গ্রহণযোগ্য হবে না।
১০	শুধুমাত্র গাঢ় রঙের (কালো বা নেভী ব্লু) ফরমাল স্যুট ব্যবহার করতে হবে।
১১	বাধ্যতামূলকভাবে টাই পরিধান করতে হবে।
১২	শার্ট বা ট্রাউজার অত্যন্ত আঁটসাঁট বা ঢিলেঢালা কোনটিই হবে না
১৩	শার্ট, প্যান্ট বা স্যুট অত্যন্ত আঁটসাঁট বা ঢিলেঢালা কোনটিই হবে না
১৪	মোজার রঙ অবশ্যই প্যান্ট ও জুতার সাথে সাথে মানানসই হতে হবে যেন পায়ের কোন অংশ দৃশ্যমান না হয়।
১৫	হালকা সুগন্ধি ব্যবহার করা যাবে।
১৬	সকল পরিধেয় বস্ত্র পরিষ্কার-পরিচ্ছন্ন এবং ইস্ত্রীকৃত ও প্রয়োজনীয় ক্ষেত্রে মাড় দেয়া হতে হবে।
১৭	কোন প্রকার জুয়েলারি ব্যবহার করা যাবে না। পোশাক, কেশবিন্যাস বা জুতা অবশ্যই কর্মকর্তাসুলভ হতে হবে।

উপলক্ষ্য/ অনুষ্ঠান	পোশাক বিধি
সকল কর্মসূচী	১। ক্রোজড কলার ফুল হাতা সাদা শার্ট ২। কালো প্যান্ট ৩। শুধুমাত্র গাঢ় রঙের (কালো বা নেভী ব্লু) ফরমাল স্যুট (শীতকালের জন্য) ৪। কালো অক্সফোর্ড জুতা ৫। কালো লং মোজা ৬। একাডেমি কর্তৃক নির্ধারিত টাই

নির্দেশাবলী (নারী প্রশিক্ষার্থীদের জন্য)

১	কোন ক্লাসে অথবা আনুষ্ঠান উপলক্ষ্যে অসংযত পোশাক পরিধান করা যাবে না
২	চুল পরিচ্ছন্নভাবে আচড়ানো ও বাধা থাকবে, অবশ্যই চুল বিনুনি করা থাকবে অথবা খোপা বাঁধা থাকবে।
৩	মানানসই নয় এমন অলঙ্কারাদি ব্যবহার করা যাবে না।
৪	শাড়ির রঙ এবং নকশা মার্জিত হতে হবে। উজ্জ্বল রঙ বা জরি-ফিতা শাড়িতে ব্যবহার করা যাবে না।
৫	ব্লাউজের হাতা স্খাভাবিকের চেয়ে বড় বা ছোট হবে না।
৬	অস্বাভাবিক আকৃতির সালোয়ার-কামিজ পরিধান করা যাবে না। সালোয়ার-কামিজ শালীন ও মানানসই আকৃতির হতে হবে।
৭	সম্পূর্ণ পা ঢাকা জুতা পরিধান করতে হবে। কোন চটি, স্পঞ্জ স্যান্ডেল বা হাওয়াই চপ্পল গ্রহণযোগ্য নয়।
৮	জুতার রঙ এবং নকশা শোভন হতে হবে।
৯	জুয়েলারিসমূহ অবশ্যই মার্জিত হবে। কোন ভারী, অপ্রচলিত, অত্যন্ত মূল্যবান বা অসংযত জুয়েলারি ব্যবহার করা যাবে না।
১০	হালকা মেকাপ গ্রহণযোগ্য হবে। আই শ্যাডো, আই লাইনার বা নেইল পলিশ ব্যবহারের ক্ষেত্রে সতর্ক থাকতে হবে যেনো শালীনতা লঙ্ঘন না হয়।
১১	হালকা সুগন্ধি ব্যবহার করা যাবে।

নিম্নোক্ত পোশাকবিধিসমূহ আবশ্যিকভাবে মেনে চলার জন্য নির্দেশ করা হলো:

উপলক্ষ্য/ অনুষ্ঠান	পোশাক বিধি
সকল কর্মসূচী	১। ৩টি নির্ধারিত রঙের শাড়ী (সবুজ, নীল, গোলাপী) ২। অন্যান্য কাপড়গুলো অবশ্যই শাড়ীর সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। ৩। সম্পূর্ণ পা ঢাকা কালো জুতা ৫। কোন সালওয়ার-কামিজ পরিধান করা যাবে না।

